



# ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

সদর দফতর, রমনা, ঢাকা-১০০০।

ফোন : ৯৫৬৬৩৩৬, ৯৫৫৯৪৮৫, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬২৪৪৭,

E-mail : info.iebhq@gmail.com, info@iebbd.org, Website: www.iebbd.org

সূত্র নং- সদ/আইইবি/জি/কন-৫৮/২০১৭/১১৯

তারিখঃ ১৮/০১/২০১৮ খ্রি.

চেয়ারম্যান  
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিশিগপ)  
ডঃ কুদরাত-এ-খুদা সড়ক  
ধানমন্ডি, ঢাকা-১২০৫

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ  
চেয়ারম্যান কার্যালয়  
ডায়েরী নং ০২৪ তারিখ ০১/০২/১৮

সদস্য (প্রশাসন)	✓
সদস্য (অর্থ)	
সদস্য (বিঃ প্রঃ)	
সদস্য (উন্নয়ন)	
সচিব	
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	
একান্ত সচিব	
অন্যান্য	

চেয়ারম্যান

বিষয় : ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)-এর ৫৮তম কনভেনশনে প্রতিনিধি মনোনয়নের আমন্ত্রণ।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)-এর ৫৮তম কনভেনশন আগামী ০৩-০৫ মার্চ, ২০১৮ আইইবি খুলনা কেন্দ্রে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এবারের কনভেনশনের প্রতিপাদ্য বিষয় Sustainable Development for Human and Nature। কনভেনশনের অন্যান্য বিষয়ের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে Digital Technology for Transforming Bangladesh into Middle Income Country শীর্ষক জাতীয় সেমিনার। বিশ্বের ভাবুপ্রতিম বিভিন্ন দেশের ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন এবং আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিসহ প্রায় ৪০০০ প্রকৌশলী ও প্রতিনিধি কনভেনশনে অংশগ্রহণ করবেন বলে আশা করা যাচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ০৩ মার্চ, ২০১৮, শনিবার সকাল ১০:৩০ মিনিটে প্রধানমন্ত্রীর অতিথি হিসেবে আইইবি খুলনা কেন্দ্রে উপস্থিত থেকে এ কনভেনশনের শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন এবং কনভেনশনের সমাপনী অনুষ্ঠানে বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় বিরোধীদলীয় নেতা বেগম রওশন এরশাদ আগামী ০৫ মার্চ, ২০১৮, সোমবার বিকাল ০৪:০০ টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বলে আশা করা যাচ্ছে।

উক্ত কনভেনশনে অংশগ্রহণ করার নিমিত্তে আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে যথাসম্ভব বেশী সংখ্যক প্রতিনিধি বিশেষ করে আইইবি সদস্যদেরকে প্রয়োজনীয় অনুমতি প্রদান এবং কনভেনশনকালীন সময়কে তাঁদের কার্যদিবস হিসেবে গণ্য করার জন্য ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)-এর কেন্দ্রীয় কাউন্সিলের পক্ষ থেকে অনুরোধ করা হচ্ছে। এখানে উল্লেখ্য যে, ৫৮তম কনভেনশনের রেজিস্ট্রেশন ফি ২,০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে।

আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে মনোনীত প্রতিনিধিবৃন্দের তালিকা, নিম্নস্বাক্ষরকারীর নিকট একটি অনুলিপি সহ আগামী ২০ ফেব্রুয়ারি, ২০১৮-এর মধ্যে নিম্ন ঠিকানায় পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

সম্মানী সম্পাদক

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)

খুলনা কেন্দ্র, খালিশপুর, খুলনা-৯০০০।

ফোন : ৮৮০৪১-৭৬১৪৬৬, মোবা : ০১৫৫৮ ৩৪৮৮৩১

ফ্যাক্স : ৮৮০৪১-৭৬২৯০৯, ই-মেইল : iebkhulnacentre@gmail.com

ইতোমধ্যে কনভেনশনের প্রি-রেজিস্ট্রেশন ফরম সম্মানিত সদস্যদের নিকট পাঠানো হয়েছে। আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধিদের অবশ্যই আগামী ২০ ফেব্রুয়ারি, ২০১৮-এর মধ্যে প্রি-রেজিস্ট্রেশন ফরম উপরোক্ত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়াও ৫৮তম কনভেনশনের রেজিস্ট্রেশন ফরম আইইবি'র ওয়েবসাইট www.iebbd.org তে পাওয়া যাবে। ৫৮তম কনভেনশনের অনুষ্ঠানসূচী এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল

আইইবি'র ৫৮তম কনভেনশনকে সাফল্যমণ্ডিত করার লক্ষ্যে সকলের আন্তরিক সাহায্য, সহযোগিতা ও সমর্থন আমাদের একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

প্রকৌশলী মো. আবদুস সবুর

সম্মানী সাধারণ সম্পাদক

বিতরণ : সদয় জ্ঞাতার্থে

- ১। চেয়ারম্যান/সম্মানী সম্পাদক, খুলনা কেন্দ্র, আইইবি;
- ২। চেয়ারম্যান/সম্মানী সম্পাদক, সকল কেন্দ্র, আইইবি;
- ৩। চেয়ারম্যান/সম্পাদক, সকল উপ-কেন্দ্র, আইইবি;
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, সকল প্রকৌশলী সমিতি, আইইবি।

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ  
সচিব মহোদয়ের দপ্তর  
ডায়েরী নং ১৬৭  
তারিখ ০৪/০২/১৮  
স্বাক্ষর

সদস্য (প্রশাসন)	✓
সদস্য (অর্থ)	
সদস্য (বিঃ প্রঃ)	
সদস্য (উন্নয়ন)	
সচিব	
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	
একান্ত সচিব	
অন্যান্য	

০১/০২/১৮

